



নুরুল হক নূরের উপর হামলা ছিলো হত্যার উদ্দেশ্যেই: মির্জা ফখরুল ইসলাম



সংগৃহীত ছবি

গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নূরের ওপর হামলা হত্যার উদ্দেশ্যেই চালানো হয়েছে বলে মন্তব্য করেছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। মঙ্গলবার (২ সেপ্টেম্বর) দুপুরে তিনি ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে গিয়ে আহত নুরকে দেখে আসেন। এসময় চিকিৎসকদের কাছ থেকে তার শারীরিক অবস্থা সম্পর্কে খোঁজখবর নেন এবং পরিবারের সদস্যদের সান্ত্বনা দেন।

হাসপাতাল থেকে বেরিয়ে সাংবাদিকদের উদ্দেশ্যে মির্জা ফখরুল বলেন, নূরের অবস্থা এখনও খুবই সংকটজনক, যদিও আগের তুলনায় কিছুটা উন্নতি হয়েছে। তার মাথা ও চোয়ালে গুরুতর আঘাত লেগেছে এবং ব্রেইনে রক্তক্ষরণ হয়েছে। তবে চিকিৎসকদের সঙ্গে কথা বলে মনে হয়েছে, চিকিৎসায় কোনো ধরনের অবহেলা নেই।

তিনি আরও বলেন, “এটা স্পষ্ট যে নুরকে হত্যার উদ্দেশ্যেই আক্রমণ করা হয়েছে। গণঅভ্যুত্থানের পরও যদি আইনশৃঙ্খলা বাহিনী রাজনৈতিক নেতাদের ওপর এমন নৃশংস হামলা চালায়, তবে সাধারণ মানুষ কীভাবে নিরাপদ থাকতে পারে তা সহজেই অনুমেয়। আমরা এটি কোনোভাবেই মেনে নিতে পারি না।” দ্রুত বিচার বিভাগীয় তদন্ত সম্পন্ন করে দায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়ার দাবি জানান তিনি।

এ সময় নুরকে উন্নত চিকিৎসার জন্য বিদেশে পাঠানোর ব্যবস্থাও সরকারের কাছে জোর দাবি জানান বিএনপির মহাসচিব।